রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8660, Bangladesh
Phone: 02478883471, Mobile: 01733094777, E-mail: registrar@pstu.ac.bd

স্মারক নং-পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮(অংশ-১)/২৬/৯৪১ তারিখ: ২৫.৬.২০২৬ খ্রি.

# নিয়োগ বিজ্ঞপ্তি

পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের নিম্নলিখিত অনুমোদিত শূন্যপদে নিয়োগকল্পে বাংলাদেশের প্রকৃত নাগরিকদের নিকট হতে দরখাস্ত আহ্বান করা যাচ্ছে:

| ক্র. নং. | পদের নাম, পদসংখ্যা, বেতন স্কেল ও গ্রেড | বিভাগ/শাখা/কার্যালয় |
|---|---|---|
| ১. | পিএস টু ভিসি ০১ (এক) টি<br>২৯০০০-৬৩৪১০/- (গ্রেড ৭) | ভাইস-চ্যান্সেলর কার্যালয় |
| ২. | নার্স ৩ (তিন) টি<br>১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড ১০) | হেল্‌থ কেয়ার সেন্টার |
| ৩. | মেডিকেল টেকনিশিয়ান (প্যাথলজি/রেডিওগ্রাফী) ০১ (এক) টি<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড ১৪) | |
| ৪. | বাজেট এক্সামিনার ০১ (এক) টি<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড ১১) | বাজেট সেকশন (অর্থ ও হিসাব বিভাগ) |
| ৫. | ফটোগ্রাফার কাম ভিডিও অপারেটর ০১ (এক) টি<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড-১১) | জনসংযোগ ও প্রকাশনা বিভাগ |
| ৬. | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট ০৪ (চার) টি<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড ১৬) | কৃষিতত্ত্ব বিভাগ, ফিশারিজ অনুষদ (ডিন অফিস), জনসংযোগ ও প্রকাশনা বিভাগ, ক্লাইমেট স্মার্ট এগ্রিকালচার বিভাগ |
| ৭. | অফিস সহায়ক-০১ (এক) টি<br>৮২৫০-২০০১০/- (গ্রেড-২০) | ট্রেজারার অফিস |

উপরোক্ত পদসমূহে আবেদন করার প্রয়োজনীয় ন্যূনতম যোগ্যতা, শর্তাবলি ও যাবতীয় তথ্যাদি পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (https://pstu.ac.bd/pstu-forms) থেকে সংগ্রহ করতে হবে।

**আবেদনপত্র জমা দেওয়ার শেষ তারিখ: ২০.৭.২০২৬ খ্রি. (অফিস চলাকালীন পর্যন্ত)।**

২৫/৬/২৬

(প্রফেসর ড. মোহাম্মদ আতিকুর রহমান)
রেজিস্ট্রার (অ. দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ

**Office of the Registrar**
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8660, Bangladesh
Phone: 02478883471, Mobile: 01733094777, E-mail: registrar@pstu.ac.bd

**২৫.৬.২০২৬ খ্রি. তারিখের পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮(অংশ-১)/২৬/৯৪১ স্মারক মর্মে জারিকৃত নিয়োগ বিজ্ঞপ্তির তথ্যাদি:**

| ক্র. নং | পদের নাম, পদ সংখ্যা, বেতন স্কেল ও গ্রেড | শিক্ষাগত যোগ্যতা ও অভিজ্ঞতা |
|---|---|---|
| ১. | পিএস টু ভিসি ০১ (এক) টি<br>২৯০০০-৬৩৪১০/- (গ্রেড ৭) | প্রার্থীকে বাংলা ও ইংরেজি সাঁটলিপি এবং টাইপসহ অন্যূন স্নাতকোত্তর ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেডসহ কমপক্ষে ১টি ১ম বিভাগ/শ্রেণী/ সমমানের গ্রেড থাকতে হবে। স্নাতক ও স্নাতকোত্তর ডিগ্রি পর্যায়ের যেকোনো একটিতে বা উভয়টিতে ১ম শ্রেণী প্রাপ্তদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।<br>প্রার্থীকে বিশ্ববিদ্যালয় অথবা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে উর্ধ্বতন কর্মকর্তার ব্যক্তিগত সহকারী (১ম শ্রেণীর কর্মকর্তা) হিসেবে কমপক্ষে ০৫ (পাঁচ) বছরের চাকরির অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। সংশ্লিষ্ট বিষয়ে বিশ্ববিদ্যালয়ে চাকরির অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। |
| ২. | নার্স ৩ (তিন) টি<br>১৬০০০-৩৮৬৪০/- (গ্রেড ১০) | প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে নার্সিং-এ স্নাতক ডিগ্রি অথবা কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ডিপ্লোমা-ইন-নার্সিং বা ডিপ্লোমা-ইন-নার্সিং সায়েন্স এন্ড মিডওয়াইফারি সার্টিফিকেট এবং বাংলাদেশ নার্সিং কাউন্সিল কর্তৃক নিবন্ধিত হতে হবে। বিশ্ববিদ্যালয়/ সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানে সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে। বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |
| ৩. | বাজেট এক্সামিনার ০১ (এক) টি<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড ১১) | প্রার্থীকে কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে বাণিজ্যে স্নাতক ডিগ্রির অধিকারী হতে হবে। প্রার্থীকে বিশ্ববিদ্যালয়/সরকারি/আধা সরকারি/স্বায়ত্বশাসিত/প্রতিষ্ঠিত ব্যবসা প্রতিষ্ঠানে বাজেট সংশ্লিষ্ট কাজে ন্যূনতম ০৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |
| ৪. | ফটোগ্রাফার কাম ভিডিও অপারেটর ০১ (এক) টি<br>১২৫০০-৩০২৩০/- (গ্রেড ১১) | প্রার্থীকে ফটো টেকনোলজি/ফটোগ্রাফিতে ২ (দুই) বছর মেয়াদী ডিপ্লোমাসহ স্নাতক ডিগ্রিধারী হতে হবে। শিক্ষা জীবনের সকল পর্যায়ে ন্যূনতম দ্বিতীয় বিভাগ/শ্রেণী/সমমানের গ্রেড থাকতে হবে। প্রার্থীকে সংশ্লিষ্ট বিষয়ে কমপক্ষে ৩ (তিন) বছর চাকরির অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে।<br>**অথবা**<br>প্রার্থীকে স্বীকৃত বিশ্ববিদ্যালয় থেকে স্নাতক পাশসহ সাংবাদিক/ফটোগ্রাফার/রিপোর্টার হিসেবে ৩ (তিন) বছরের চাকরির অভিজ্ঞতা থাকতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |
| ৫. | মেডিকেল টেকনিশিয়ান (প্যাথলজি/রেডিওগ্রাফী) ০১ (এক) টি<br>১০২০০-২৪৬৮০/- (গ্রেড ১৪) | এসএসসি/সমমান পাশসহ সরকার কর্তৃক অনুমোদিত ইনস্টিটিউট/প্রতিষ্ঠান হতে সংশ্লিষ্ট বিষয়ে ৩ (তিন) বছর মেয়াদী ডিপ্লোমা ডিগ্রিধারী হতে হবে।<br>বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |
| ৬. | অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট ৪ (চার) টি<br>৯৩০০-২২৪৯০/- (গ্রেড ১৬) | ক) স্বীকৃত কোন বোর্ড/বিশ্ববিদ্যালয় হতে কমপক্ষে এইচএসসি পাশ হতে হবে।<br>খ) কম্পিউটার অপারেশনে অবশ্যই দক্ষ হতে হবে।<br>গ) অভিজ্ঞতা সম্পন্ন প্রার্থীরা অগ্রাধিকার পাবেন।<br>বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |
| ৭. | অফিস সহায়ক ০১ (এক) টি<br>৮২৫০-২০০১০/- (গ্রেড ২০) | ক) কমপক্ষে এসএসসি পাশ হতে হবে ।<br>খ) সংশ্লিষ্ট কাজে অভিজ্ঞতাসম্পন্ন প্রার্থীদের অগ্রাধিকার দেওয়া যেতে পারে।<br>বয়স: সর্বোচ্চ ৩২ (বত্রিশ) বছর। |

**শর্তাবলী :**

১। আবেদনকারীকে বিশ্ববিদ্যালয়ের নির্ধারিত ফরমে স্বহস্তে লিখিত প্রতিটির পদের জন্য ১০ (দশ) সেট দরখাস্ত রেজিস্ট্রার, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী-৮৬৬০ বরাবরে আগামী ২০.৭.২০২৬ খ্রি. তারিখ অফিস চলাকালীন পৌঁছাতে হবে। নির্ধারিত তারিখের পরে সরাসরি/ডাকযোগে প্রাপ্ত আবেদনপত্র গ্রহণ করা হবে না। আবেদনপত্র পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.pstu.ac.bd/pstu-forms) থেকে সংগ্রহ করতে হবে।

২। প্রার্থীকে আবেদনপত্রের সঙ্গে নিম্নলিখিত সনদপত্রের অনুলিপি (প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা দ্বারা সত্যায়িত) সংযুক্ত করতে হবে : -

(ক) শিক্ষাগত যোগ্যতার সকল সনদপত্র, অভিজ্ঞতা (যদি থাকে), প্রশিক্ষণ সংক্রান্ত ও অন্যান্য সকল প্রকার মূল/সাময়িক সনদপত্র;
(খ) প্রথম শ্রেণীর গেজেটেড কর্মকর্তা/বিশ্ববিদ্যালয়ের শিক্ষক/কর্মকর্তা কর্তৃক প্রদত্ত চারিত্রিক সনদপত্র;
(গ) নিজ নিজ এলাকার ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান/পৌরসভার মেয়র/কাউন্সিলর এর নিকট হতে নাগরিকত্ব সনদপত্র ও জাতীয় পরিচয়পত্র;
(ঘ) সদ্যতোলা পাসপোর্ট সাইজের ৩ (তিন) কপি সত্যায়িত ছবি।

রেজিস্ট্রার কার্যালয়
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়
দুমকি, পটুয়াখালী-৮৬৬০, বাংলাদেশ

Office of the Registrar
Patuakhali Science and Technology University
Dumki, Patuakhali-8660, Bangladesh
Phone: 02478883471, Mobile: 01733094777, E-mail: registrar@pstu.ac.bd

৩। গ্রেডিং পদ্ধতিতে প্রকাশিত ফলাফলের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের ০২/০৬/২০০৯ ও ০২/০৩/২০১০ তারিখের প্রজ্ঞাপন নং যথাক্রমে শিম/শাঃ১১/৫-১(অংশ)/৫৮২ এবং শিম/শাঃ১১/১৯-১/২০০৭/১৭৪ অনুযায়ী বর্তমান প্রচলিত জিপিএ বা ক্ষেত্রমত, সিজিপিএ এর বিপরীতে পূর্বের ১ম ও ২য় বিভাগ/শ্রেণী নিম্নরূপে নির্ধারিত হবে :

(ক) এসএসসি বা সমমান এবং এইচএসসি বা সমমান পরীক্ষার ফলাফলের ক্ষেত্রে:-

| | |
|---|---|
| জিপিএ ৩.০০ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ |
| জিপিএ ২.০০ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | দ্বিতীয় বিভাগ |

অর্জিত শতকরা নম্বর x সিজিপিএ স্কেল (৪.০০/৫.০০)/ (জিপিএ স্কেল ৪.০০/৫.০০)

(খ) সমতাকৃত সিজিপিএ/জিপিএ= ------------------------------------------------------------------------------------

৮০ (জিপিএ স্কেল ৪.০০/৫.০০=৮০%)

(গ) অনুমোদিত বিশ্ববিদ্যালয় কর্তৃক প্রদত্ত সিজিপিএ এর ক্ষেত্রে-

| অর্জিত সিজিপিএ | | সমতুল্য শ্রেণি/বিভাগ |
|---|---|---|
| **৪.০০ পয়েন্ট স্কেলে** | **৫.০০ পয়েন্ট স্কেলে** | |
| ৩.০০ বা তদূর্ধ্ব | ৩.৭৫ বা তদূর্ধ্ব | প্রথম বিভাগ/শ্রেণি |
| ২.২৫ বা তদূর্ধ্ব কিন্তু ৩.০০ এর কম | ২.৮১৩ বা তদূর্ধ্ব কিন্তু ৩.৭৫ এর কম | দ্বিতীয় বিভাগ/শ্রেণি |

৪। প্রার্থীর শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে কোনো তৃতীয় শ্রেণী/বিভাগ বা ইহার সমতুল্য জিপিএ গ্রহণযোগ্য হবে না।

৫। আবেদনপত্রে অর্জিত সকল শিক্ষাগত যোগ্যতা উল্লেখ করতে হবে। কোন শিক্ষাগত যোগ্যতা গোপন করলে চাকুরি প্রাপ্তির পরে তা গ্রহণযোগ্য হবে না।

৬। চাকুরিরত প্রার্থীদের যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে অবশ্যই আবেদনপত্র প্রেরণ করতে হবে।

৭। প্রার্থীকে অবশ্যই বাংলাদেশের স্থায়ী নাগরিক হতে হবে। দ্বৈত নাগরিকত্ব গ্রহণযোগ্য নয়। বিদেশে স্থায়ীভাবে বসবাসরত/বসবাসের অনুমতিপ্রাপ্ত ব্যক্তিও বিবেচিত হবেন না।

৮। মুক্তিযোদ্ধা/প্রতিবন্ধী/উপজাতি/ইত্যাদি কোটাভুক্ত প্রার্থীদের ক্ষেত্রে সরকারি নীতিমালা প্রযোজ্য এবং যথাযথ কর্তৃপক্ষের নিকট হতে প্রাপ্ত সনদপত্রের অনুলিপি সংযুক্ত করতে হবে।

৯। আবেদনপত্রের সাথে 'পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, দুমকি, পটুয়াখালী' শিরোনামে রূপালী ব্যাংক, পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় শাখার অনুকূলে (রূপালী ব্যাংকের যে কোনো শাখা হতে) জাতীয় বেতন স্কেল ২০১৫ এর গ্রেড ৭, ১০ এর জন্য আবেদন ফরমের মূল্যসহ সর্বমোট ৯০০/- (নয়শত) টাকা; গ্রেড ১১, ১৪ ও ১৬ এর জন্য আবেদন ফরমের মূল্যসহ সর্বমোট ৬০০/- (ছয়শত) টাকা; গ্রেড ১৮ ও ২০ এর জন্য আবেদন ফরমের মূল্যসহ সর্বমোট ৫০০/- (পাঁচশত) টাকা (অফেরতযোগ্য) মূল্যের ব্যাংক ড্রাফট/পে-অর্ডার সংযুক্ত করতে হবে। আবেদনপত্রে ব্যাংক ড্রাফট/পে-অর্ডার নম্বর, টাকার পরিমাণ ও তারিখ উল্লেখ করতে হবে।

১০। প্রার্থীকে আবেদনকৃত পদের নাম ও বিভাগ খামের উপর স্পষ্ট অক্ষরে লিখতে হবে।

১১। প্রযোজ্য ক্ষেত্রে লিখিত/মৌখিক/ব্যবহারিক পরীক্ষার ভিত্তিতে বাছাই প্রক্রিয়া সম্পন্ন করা হবে।

১২। ত্রুটিপূর্ণ/অসম্পূর্ণ আবেদনপত্র বাতিল বলে গণ্য হবে।

১৩। কর্তৃপক্ষ কোন কারণ প্রদর্শন ব্যতিরেকে যে কোনো দরখাস্ত গ্রহণ বা বাতিলের ক্ষমতা সংরক্ষণ করে এবং নিয়োগ বিজ্ঞপ্তি প্রচারের কারণে কর্তৃপক্ষ নিয়োগ প্রদান করতে কিংবা ইন্টারভিউ কার্ড ইস্যু করতে বাধ্য থাকবে না। শুধুমাত্র বাছাইকৃত প্রার্থীদের ইন্টারভিউ কার্ড ইস্যু করা হবে। দরখাস্তের সাথে দাখিলকৃত কোনো কাগজপত্র ফেরত প্রদান করা হবে না।

১৪। অভিজ্ঞতার ক্ষেত্রে প্রার্থীর কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয়/সরকারি/স্বায়ত্বশাসিত প্রতিষ্ঠানের চাকুরির অভিজ্ঞতা বিবেচ্য হিসেবে গণ্য হবে।

১৫। গ্রেড ৭ পদের ক্ষেত্রে প্রার্থীর বয়স অনূর্ধ্ব ৪৫ (পঁয়তাল্লিশ) বছর।

১৬। অত্র বিশ্ববিদ্যালয়ে বিভিন্ন পদে নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট বিভাগ/শাখায় কর্মরতরা অগ্রাধিকার পাবেন এবং সেক্ষেত্রে সংশ্লিষ্ট পদের জন্য নির্ধারিত অভিজ্ঞতা ও বয়সের যেকোনো একটি শর্ত শিথিল করা যেতে পারে। তবে কর্মরত প্রার্থীরা এই শিথিলতার সুযোগ একবারের বেশি প্রাপ্য হবেন না। প্রার্থীকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

১৭। নিয়োগ সংক্রান্ত যে কোনো তদবির প্রার্থীর অযোগ্যতা হিসেবে গণ্য হবে।

১৮। নিয়োগের জন্য প্রার্থীদের চূড়ান্ত বাছাইয়ের পূর্বে ডোপ টেস্টে উত্তীর্ণ হতে হবে।

১৯। ইতোপূর্বে ১৬.১১.২০২২ খ্রি. তারিখে পবিপ্রবি/প্রশা-১১৯/ন-০৮/২৬৪৬ স্মারক মর্মে বিজ্ঞাপিত নার্স, ফটোগ্রাফার কাম ভিডিও অপারেটর এবং অফিস সহকারী কাম কম্পিউটার টাইপিস্ট পদে যারা আবেদন করেছেন তাদের আবেদন করার প্রয়োজন নেই।

২০। যে কোনো পদের সংখ্যা হ্রাস-বৃদ্ধি করার ক্ষমতা কর্তৃপক্ষ সংরক্ষণ করেন। নিয়োগের সকল ক্ষেত্রে/বিষয়ে কর্তৃপক্ষের সিদ্ধান্তই চূড়ান্ত হিসেবে বিবেচিত হবে।

২৫/৫/২৩

(প্রফেসর ড. মোহাম্মদ আতিকুর রহমান)
রেজিস্ট্রার (অ. দা.)
পটুয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়